বরগুনায় তারুণ্যের উৎসব উপলক্ষ্যে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান

মো: সানাউল্লাহ রিয়াদ:: মানুষ মানুষের জন্য আর জীবন জীবনের জন্য। কেবল একটু সহানুভ‚তি ও মনবতা প্রয়োজন। মনুষ্যত্ববোধ এর জায়গা থেকে দেশব্যাপী চলমান তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে ‘গ্রাহক সেবা পক্ষ’ আয়োজন করা হয়েছে। আর এ আয়োজনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন পর্যায়ের প্রতিষ্ঠান নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে।

তেমনি বরগুনা তারুণ্যের যুব সমাজ এর আয়োজনে ও বরিশাল বিভাগের অন্যতম এনজিও সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচি) এর সহযোগিতায় বরগুনা সরকারি মহিলা কলেজের ছাত্রীদের (আগামীর মা) জন্য আয়োজন করা হয় বিনামূল্যে চিকিৎসা সেবার।

মঙ্গলবার (২১ অক্টোবর) সকাল ৯ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত বরগুনা সরকারি মহিলা কলেজে বরগুনা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসাপাতালের আবাসিক সার্জন ডাঃ ফারহানা মাহফুজ, মেডিকেল অফিসার ডাঃ মাহমুদ মুর্শীদ আল মামুন (শুভ) ও সহকারী সার্জন ডাঃ হিমাদ্রী রায় গাইনী সেবা প্রদান করেন।

তারুণ্যের যুব সমাজ কর্তৃক আয়োজিত এ বিনামূল্যে স্বাস্থ্য

ক্যাম্পের উদ্বোধন ঘোষণা করেন- অনুষ্ঠানের প্রধান অতিথি বরগুনা সরকারি মহিলা কলেজ’র অধ্যক্ষ প্রফেসর আব্দুল মালেক।

এসময় উপস্থিত ছিলেন- তারুণ্যের উৎসব-২০২৫ এর ‘গ্রাহক সেবা পক্ষ’ বাস্তবায়ন কমিটি এর আহ্বায়ক বাংলাদেশ জতীয়তাবাদী ছাত্রদল, বরগুনা জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক মো: গোলাম রাসেল খোকন, বরগুনা সরকারি কলেজ ছাত্রদল এর সভাপতি আবু হানিফ, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, বরগুনা জেলা ছাত্র প্রতিনিধি মো: সিকদার সাইফুল ইসলাম, মো: সাকিল, দুর্বার ইয়ুথ নেটওয়ার্ক এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ইবরার হোসেন নিঝুম, সংগ্রাম প্রধান কার্যালয়ের মিডিয়া অফিসার মোঃ সানাউল্লাহ রিয়াদ, সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির সহকারী উপজেলা প্রোগ্রাম অফিসার মোঃ মিজানুর রহমান প্রমুখ।

বরগুনা সরকারি কলেজ ছাত্রীদের (আগামীর মা) জন্য আয়োজিত বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান শেষে বরগুনা সরকারি মহিলা কলেজ, বরগুনা সরকারি কলেজ এবং শহরের বিভিন্ন স্থানে মাদকবিরোধী ক্যাম্পেইন ও লিফলেট বিতরণ করা হয়।